গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
**www.wewb.gov.bd**

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৬০৪ তারিখ: ১৭ নভেম্বর ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অক্টোবর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১২ নভেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত অক্টোবর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা কম হওয়ায় সভাপতি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করার জন্য গুরুতারোপ করেন। | আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। কোন কারণে তার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট পরিচালকের সাথে আলোচনাপূর্বক বিলম্বের কারণ ব্যাখ্যা করে নথিটি নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার নিশ্চিতকরণ। | (ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইআরপি সিস্টেমে এইচআরএম মডিউলে কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর সংরক্ষণের নিমিত্ত ডাটাবেজ আপডেট করা হয়েছে । সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর ইআরপিতে সন্নিবেশ করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | (ক) সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর ইআরপিতে সন্নিবেশ করতে হবে। | পরিচালক (সকল) ও সিস্টেম এ্যানালিস্ট |
| | | (খ) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি মৃতের পরিবারের একাউন্টে প্রেরণের নিমিত্ত ইআরপি সিস্টেম দ্রুত চালুর বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) আগামী ১ জানুয়ারি ২০১৯ তারিখ থেকে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি মৃতের পরিবারের একাউন্টে প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) ও সিস্টেম এ্যানালিস্ট |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩.০ | বহির্গমন ছাড়পত্র পরীক্ষান্তে আর্থিক অনুদান প্রদান। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রদত্ত মাসিক রিপোর্টে প্রবাসে মৃত কর্মীর নাম, ঠিকানা, জন্ম তারিখ ও বয়স উল্লেখপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রতি মাসে প্রবাসে মৃত কর্মীর নাম, ঠিকানা, জন্ম তারিখ ও বয়স উল্লেখপূর্বক প্রয়োজনীয় তথ্য প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা। |
| ৪.০ | মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত বিল প্রদান। | ইআরপি সফট্ওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত বিল প্রদানের বিষয়ে যৌক্তিকতা ও বিচার বিশ্লেষনপূর্বক উপযুক্ত বিল নির্ধারণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মেসার্স টেকনোহেভেন কর্তৃক দাখিলকৃত অতিরিক্ত বিল প্রদানের বিষয়ে যৌক্তিকতা ও বিচার বিশ্লেষনপূর্বক উপযুক্ত বিল নির্ধারণের জন্য সিস্টেম এ্যানালিস্টকে দায়িত্ব প্রদান করা হলো। তিনি যথাশীঘ্রই দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট |
| ৫.০ | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স অথবা অন্য কোনো দপ্তর হতে প্রাপ্ত চাহিদা পত্র অনুমোদন। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স অথবা অন্য কোনো দপ্তর হতে প্রয়োজনীয় মালামাল অথবা স্টেশনারী সামগ্রীর চাহিদা পত্র উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর মাধ্যমে কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেক্স অথবা অন্য কোনো দপ্তর হতে প্রয়োজনীয় মালামাল অথবা স্টেশনারী সামগ্রীর চাহিদা পত্র উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর মাধ্যমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | বিবিধ। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমাণ ইআরপি সিস্টেমের আওতায় হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্টোর শাখায় সংরক্ষিত মালামালের পরিমাণ ইআরপি সিস্টেমের আওতায় দ্রুত হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।